

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২০১

আগরতলা, ১৪ মার্চ, ২০২৪

রাণীরবাজার রেভিনিউ সার্কেল অফিসের উদ্বোধন

শচীন্দুনগর কলোনীতে অত্যাধুনিক বিনোদন পার্ক নির্মাণ করা হবে : পর্যটনমন্ত্রী

জিরানীয়া মহকুমার শচীন্দুনগর কলোনীতে আগামীদিনে এক অত্যাধুনিক বিনোদন পার্ক গড়ে তোলা হবে। এজন্য ব্যয় হবে প্রায় ৫০ কোটি টাকা। স্বদেশ দর্শন ক্ষিমে এই পার্ক গড়ে তোলা হবে। আজ রাণীরবাজার পুরপরিষদ কার্যালয় প্রাঙ্গণে নবনির্মিত রাণীরবাজার রেভিনিউ সার্কেল অফিসের উদ্বোধন করে একথা বলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী। এই রেভিনিউ সার্কেল অফিসের মাধ্যমে জিরানীয়া মহকুমার ১৪টি মৌজা এবং ৬টি তহশিলের জনগণ রাজস্ব সংক্রান্ত বিভিন্ন বিষয়, জায়গার দলিল, পরচা, আয়ের প্রমাণপত্র তৈরির সুবিধা গ্রহণ করতে পারবেন।

অনুষ্ঠানে আলোচনায় পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, রাজ্যের প্রত্যেকটি জনপদের সমউন্নয়নে এই সরকার বন্ধপরিকর। এক্ষেত্রে রাজনৈতিক প্রেক্ষাপটের বাইরে গিয়ে জনগণের সার্বিক কল্যাণই হলো সরকারের মূল উদ্দেশ্য। বিগত সরকারের সময়ে নির্দিষ্ট এলাকাভিত্তিক উন্নয়নের দৃষ্টিভঙ্গি থাকার ফলে রাজ্যের সর্বত্র সমবিকাশের ধারায় অনেকটাই ঘাটতি রয়ে গেছে। এই অবস্থা থেকে বেরিয়ে আসতে ২০১৮ সাল থেকে বর্তমান সরকার প্রশাসনকে জনমুখী করে উন্নয়নমূলক কাজগুলি করে চলছে। পর্যটনমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আত্মবিশ্বাসী এবং সাংস্কৃতিক ঐতিহ্যকে পাথেয় করে ভারতবর্ষকে নেতৃত্ব দেওয়ার দরবণই আজ সমগ্র বিশ্ব আমাদের দেশকে সমীহ করছে। তাঁর নেতৃত্বে দেশ যে পথে এগিয়ে চলছে এই ধারাকে বজায় রাখতে হলে আমাদের সকলকে এগিয়ে আসতে হবে। মহিলাদের ক্ষমতায়নেও প্রধানমন্ত্রী বিশেষ জোর দিয়েছেন। আমাদের রাজ্য মহিলাদের আর্থসামাজিক মান উন্নয়নে স্বসহায়ক দলগুলির ভূমিকার কথা মাথায় রেখে অধিক পরিমাণে মহিলারা যাতে এর সাথে যুক্ত হন তারজন্য প্রয়াস নেওয়া হয়েছে। ইতিমধ্যেই রাজ্য ৮৩ হাজারের অধিক লাখপতি দিদি তৈরি করা সম্ভব হয়েছে। যার ফলে রাজ্যে অর্থনৈতিক অবস্থার পাশাপাশি সামাজিক পরিবর্তনও পরিলক্ষিত হচ্ছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখতে গিয়ে জিরানীয়া মহকুমার মহকুমা শাসক শাস্ত্রিজ্ঞেন চাকমা জানান, রাণীরবাজার রেভিনিউ সার্কেলের অফিসটি রাণীরবাজার পুরপরিষদের নিজস্ব তহবিল থেকে নির্মাণ করা হয়েছে। আগামীদিনে গীতাঞ্জলি টাউনহলের পশ্চাদভাগে এর দ্বিতীয় ভবন নির্মাণ করা হবে। এদিনের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাণীরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুল্কদাস ও ভাইস চেয়ারপার্সন প্রবীর কুমার দাস, অতিরিক্ত মহকুমা শাসক অনিমেষ ধর ও বিশিষ্ট সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক।
